9290

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
পার্সোনেল ম্যানেজমেন্ট-৩ শাখা
www.police.gov.bd

**আমার পুলিশ আমার দেশ**
**সবার আগে বাংলাদেশ**

স্মারক নং- ৪৪.০১.০০০০.১০৮.১৯.২৪৫.২০২৫- ১৯০০

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: পুলিশ সদস্যদ্বয়ের পিআরএল গমণের আবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নিম্নবর্ণিত পুলিশ সদস্যদ্বয়ের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পিআরএল গমণের নিমিত্ত প্রেরিত আবেদন বিবেচিত হয়নি।

| ক্রঃ নং | পদবী, নাম, কর্মস্থল ও বিপি নম্বর | ইউনিট/রেঞ্জের নাম |
|---|---|---|
| ১. | এসআই (নিরস্ত্র)/মোঃ হাসমত আলী, খুলনা জেলা<br>বিপি-৬৭৮৯০৩০৯৪৫ | এসবি, ঢাকা<br>(পিআরএল গমণের তারিখ-১৫/১২/২০২৬ খ্রি:) |
| ২. | এসআই (নিরস্ত্র)/মোঃ আব্দুর রাকিব, রাজশাহী জেলা<br>বিপি-৬৮৮৯০০৬৩৬৬ | এসবি, ঢাকা<br>(পিআরএল গমণের তারিখ-১৮/০২/২০২৭ খ্রি:) |

উল্লিখিত পুলিশ সদস্যদ্বয়কে বিশেষায়িত ইউনিট ব্যতীত পিআরএল গমণের তারিখ অপরিবর্তিত রেখে পুনরায় আবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় আবেদিত তারিখে পিআরএল গমণের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য বর্তমান ইউনিটকে নির্দেশনা প্রদান করা হলো। বর্ণিত এসআই (নিরস্ত্র)-দ্বয়ের আবেদনের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। গৃহীত সিদ্ধান্ত আবেদনকারীদ্বয়কে জানিয়ে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর/-
(আবু রায়হান মুহাম্মদ সালেহ্)
ডিআইজি (অ্যাডমিনিস্ট্রেশন)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

স্মারক নং- ৪৪.০১.০০০০.১০৮.১৯.২৪৫.২০২৫- ১৯০০/১(৬)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ডিআইজি, রাজশাহী/খুলনা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ
২. এআইজি(আইসিটি), বাংলাদেশ পুলিশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা [বাংলাদেশ পুলিশের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।]
৩. পুলিশ সুপার, খুলনা/রাজশাহী জেলা
৪. অফিস কপি।

০৪.০৬.২০২৬

(মোঃ জামিরুল ইসলাম)
বিপি৮১১০১২৬৮৮০
এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
aigpm3@police.gov.bd

নং ৫০৭২
তাং ০২/১২/২৫

বরাবর,

এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়: খুলনা রেঞ্জের খুলনা জেলা হতে বিশেষ শাখা (এস.বি) মালিবাগ, ঢাকায় বদলী হয়ে আগামী ইং ১৬/১২/২০২৬ তারিখে অবসর গ্রহণের আবেদন প্রসঙ্গে।

জনাব,

যথাযথ সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি এস,আই (নিঃ) মোঃ হাসমত আলী, বিপি নং-৬৭৮৯০৩০৯৪৫, বর্তমানে খুলনা রেঞ্জ, খুলনা জেলায় কয়রা থানাধীন, মঠবাড়ী পুলিশ ফাঁড়িতে কর্মরত আছি। আমি এই মর্মে আবেদন করিতেছি যে, আমি গত ইং ১৬/০৫/১৯৮৯ তারিখে বাংলাদেশ পুলিশ বাহিনীতে যোগদান করিয়া পেশাদারিত্বের সাথে ন্যায় নিষ্ঠার সহিত চাকুরী করিয়া আসিতেছি। আমার জন্ম তারিখ ১৬/১২/১৯৬৭ খ্রি.। আগামী ইং ১৫/১২/২০২৬ তারিখে আমার চাকুরীর মেয়াদ শেষ হইবে। আমার পরিবার ও পরিবারের সদস্যদের নিয়ে বর্তমানে ডিএমপি বাড্ডা এলাকায় বসবাস করিতেছি এবং আমার ছেলে মেয়ে ডিএমপি বাড্ডা এলাকায় বিভিন্ন স্কুল ও কলেজে অধ্যায়নরত রহিয়াছে, যে কারণে আমি বিশেষ শাখা মালিবাগ (এস.বি) ঢাকা হতে বিষয়ে উল্লেখিত তারিখ হতে পি.আর.এল ভোগ সহ খুলনা রেঞ্জ হতে বিশেষ শাখা (এস.বি) ঢাকায় বদলী হতে ইচ্ছুক।

অতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা এই যে, আমাকে আগামী ১৬/১২/২০২৬ইং তারিখে পি.আর.এল জনিত কারণে খুলনা রেঞ্জ হইতে এস.বি ঢাকা বদলী করতে মহোদয়ের একান্ত মর্জি কামনা করছি।

তারিখঃ

অগ্রগামী করা হইল
০২/১২/২৫
অফিসার ইনচার্জ
কয়রা থানা,
খুলনা।

বিনীত

মোঃ হাসমত আলী

(মোঃ হাসমত আলী)
এস আই (নিঃ)
বিপি: ৬৭৮৯০৩০৯৪৫
মঠবাড়ী পুলিশ ফাঁড়ি
কয়রা থানা, জেলা: খুলনা
01753330881

বরাবর,

এআইজি (পার্সোনাল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়ঃ আগামী ০১/০৩/২০২৭ খ্রিঃ বার্ধক্য জনিত কারনে অবসর গ্রহনের জন্য রাজশাহী জেলা হইতে এসবি বাংলাদেশ পুলিশ ঢাকায় বদলীর আবেদন।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, আমি এসআই(নিঃ)/মোঃ আব্দুর রাকিব (বিপি নং-৬৮৮৯০০৬৩৬৬) আপনার অধিনস্থ একজন পুলিশ সদস্য। বর্তমানে গোদাগাড়ী মডেল থানাধীন কাঁকনহাট পুলিশ তদন্ত কেন্দ্রে কর্মরত আছি। আমি গত ০১/০২/১৯৮৯ খ্রিঃ বাংলাদেশ পুলিশ বাহিনীতে কনষ্টেবল পদে যোগদান করিয়া অদ্যবধি সুনাম ও সততার সহিত চাকুরী করিয়া আসিতেছি। আমার জন্ম তারিখ ঃ ০১/০৩/১৯৬৮ খ্রিঃ। সেই মোতাবেক আমার বর্তমান বয়স ৫৮ বছরের অধিক সময় অতিক্রম করেছে। বর্তমানে আমার শারীরিক অবস্থা অতীব খারাপ এবং বিভিন্ন রোগে আক্রান্ত হয়েছি। আমার পরিবার বর্গ খিলগাঁও থানাধীন নন্দীপাড়া, ওয়ার্ড নং-৭৪ ঢাকায় বসবাস করেন। আমার ০১(এক) ছেলে ঢাকায় সরকারী মুগদা মেডিকেল কলেজ হাসপাতালের এমবিবিএস(পিজিটি), ডাক্তার হিসাবে কর্মরত আছেন এবং ০১(এক) মেয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (এমপিএইচ) শেষ বর্ষে অধ্যয়নরত। এমতাবস্থায় আগামী ০১/০৩/২০২৭ খ্রিঃ চাকুরী থেকে অবসর গ্রহনের সময় হওয়ায় আমি আমার পরিবারের সঙ্গে বসবাস করার জন্য রাজশাহী হইতে এসবি বাংলাদেশ পুলিশ ঢাকায় অবসর গ্রহণ পূর্বক বদলী হইতে একান্ত ভাবে ইচ্ছুক।

অতএব, মহোদয়ের সমীপে আমার আকুল আবেদন, যাহাতে আমি মানবিক কারনে আগামী ০১/০৩/২০২৭ খ্রিঃ আমার পরিবার বর্গের সহিত বসবাস করে অবসর গ্রহণ করতে পারি তাহার সু-ব্যবস্থা দানে জনাবের সদয় মর্জি হয়।

তারিখ 02/০৪/২০২৬ ইং

বিনীত নিবেদক

(মোঃ আব্দুর রাকিব)
এসআই (নিরস্ত্র)
বিপি নং-৬৮৮৯০০৬৩৬৬
রাজশাহী জেলা।
মোবাইল নং-০১৭১২৭৮০১৯৪